




কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা।



Web: www.comillapbs3.org
ই-মেইলঃ comillapbs3@gmail.com

স্মারক নং-২৭.১২.১৯৩৬.৫৭২.০২.০০৮.২২-৬৪৬৭

২৮ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
তারিখঃ -----
১১ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

“জীপ/পিক-আপ/মোটর সাইকেলের পুরাতন টায়ার, ব্যাটারী ও পুরাতন যন্ত্রাংশ বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি”

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর জীপ/পিক-আপ/মোটর সাইকেলের পুরাতন টায়ার, ব্যাটারী, ও পুরাতন যন্ত্রাংশ নিলামে বিক্রয়ের নিমিত্তে “যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে” নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে দরপত্র আহবান করা যাইতেছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমান (কেজি/টি)	দাখিলকৃত উদ্ধৃত মূল্য (টাকা)	
			একক মূল্য	মোট মূল্য
০১	টায়ার (জীপ/পিক-আপ)	২৫ টি		
০২	টায়ার (মোটর সাইকেল)	২৬ টি		
০৩	ব্যাটারী (জীপ/পিক-আপ)	০৪ টি		
০৪	ব্যাটারী (মোটর সাইকেল)	০২ টি		
০৫	পুরাতন যন্ত্রাংশ	২৯০ কেজি		
		মোট=		

শর্তাবলীঃ

- ০১। দরপত্র সমূহ নিজস্ব লেটার হেড প্যাডে আগামী ১৯/০২/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে (ক) কুমিল্লা পবিস-৩ এর সদর দপ্তর, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। একই দিন অর্থাৎ ১৯/০২/২০২৪ খ্রিঃ তারিখ স্ব-স্ব দপ্তরে বেলা ১২:০৫ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০২। দরপত্রের খামের উপরে “ জীপ/পিক-আপ/মোটর সাইকেলের পুরাতন টায়ার, ব্যাটারী, ও পুরাতন যন্ত্রাংশ ” নিলাম বিজ্ঞপ্তি কথটি স্পষ্টাক্ষরে লিখিতে হইবে এবং সাদা কাগজে/ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র খামে সীলগালা ব্যবহার পূর্বক উপরের ছক অনুযায়ী দাখিল করিতে হইবে।
- ০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফুইড ব্যবহার গ্রহণযোগ্য হইবে না।
- ০৪। নিলামে উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ) হারে নিরাপত্তা জামানত কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সহিত জমা দিতে হইবে, অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ০৫। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে আগামী ১৮/০২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতিত) বর্ণিত মালামাল অত্র পবিসের সদর দপ্তর, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা পরিদর্শন করা যাইবে। জীপ/পিক-আপ/মোটর সাইকেলের পুরাতন টায়ার, ব্যাটারী, ও পুরাতন যন্ত্রাংশ পরিমাণে কম/বেশী হইতে পারে।
- ০৬। সর্বোচ্চ বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট মালামাল নিলামে বিক্রয় করা হইবে।
- ০৭। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য এবং সরকারী বিধি মোতাবেক উদ্ধৃত মোট মূল্যের উপর নিয়মানুযায়ী ভ্যাট ও উৎস কর নগদ/পে-অর্ডার আকারে পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করিতে হইবে। অন্যথায়, দরপত্রের সাথে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হইবে।
- ০৮। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৯। উক্ত নিলাম দরপত্রে শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে সেক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(মুহাম্মদ নূরুল হোসাইন)
জেনারেল ম্যানেজার

অনুলিপি (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহল প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে কোটেশন গ্রহণ ও উন্মুক্ত করনের জন্য অনুরোধ করা হইল)।
- ০২। জেলা প্রশাসক, কুমিল্লা/ মুন্সীগঞ্জ/ ব্রাহ্মনবাড়িয়া।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (উত্তর)।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ০৫। ডিজিএম, দাউদকান্দি/হোমনা/গজারিয়া/বাঞ্ছারামপুর/কারিগরী, কুমিল্লা পবিস-৩।
- ০৬। সহকারী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (উত্তর)।
- ০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/প্রশাসন), কুমিল্লা পবিস-৩।
- ০৮। স্টোর কীপার, কুমিল্লা পবিস-৩।
- ০৯। মেসার্স -----
- ১০। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৩।
- ১১। অফিস কপি/মাস্টার কপি।

(মুহাম্মদ নূরুল হোসাইন)
জেনারেল ম্যানেজার